

জবিতে শিক্ষার্থীসংশ্লিষ্ট বিষয় সমন্বয়ের জন্য ৬ সদস্যের কমিটি

জগন্নাথ
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

০১ অক্টোবর,
২০২৪ ১৬:৪৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বার্থসংশ্লিষ্ট বিষয় সমন্বয়ের মাধ্যমে সুরাহা করার জন্য বিশ্ববিদ্যালয়ের ৬ শিক্ষককে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান

অধ্যাপক ড. রইস উদ্দীনকে আহ্বায়ক ও প্রষ্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজামুল হককে সদস্যসচিব করা হয়েছে।

আজ মঙ্গলবার (১ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

আরো পড়ুন



সাবেক ইসি সচিব জাহাঙ্গীর ৫ দিনের রিমান্ডে

আদেশে বলা হয়, এ কমিটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসংশ্লিষ্ট সব বিষয় সমন্বয় করবে।

জকসু গঠনের আইনগত দিক পর্যালোচনা করে চূড়ান্ত নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (সেন্ট্রাল) অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠন ও কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ কমিটি প্রয়োজনে নিজ তত্ত্বাবধানে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত ছাত্র প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করবে।

কমিটিতে অন্য সদস্যরা হলেন বঙ্গমাতা শেখ ফজিলাতুর্রেছা মুজিব হলের প্রত্নতাত্ত্বিক অধ্যাপক ড. সাবিনা শরমীন, ছাত্রকল্যাণ পরিচালক ড. রিফাত হাসান, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. নাসির উদ্দীন আহমেদ ও ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ বিলাল হোসাইন।

